দৈনিক বাংলা

তারিখ 23 AUG 1986 ... পৃষ্ঠা ... 1 ... কলাম ... 7

004

# ৪টি জেলায় শিক্ষা বিষয়ক ব্যাপক জরিপ শুরু

।। জালালউদ্দিন আহমদ ।।

মানিকগঞ্জ, ২২শে আগস্ট:— বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যান বেইস) দেশের চারটি জেলায় শিশুসহ জনসংখ্যা, শিক্ষিতের সংখ্যা এবং শিক্ষা প্রতিষ্ঠানের ওপর এক ব্যাপক জরিপ শুরু করেছে। আগামী ৩১শে আগস্টের মধ্যে এই জরিপ রিপোর্ট শিক্ষা মন্ত্রণালয়ে দাখিল করা হবে।

ইতিমধ্যে জরিপ বিষয়ক প্রশ্নমালা জেলাগুলির ইউপি চেয়ারম্যানদের কাছে পাঠানো হয়েছে। এ কাজে নিয়োজিত সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তারা ঢাকা থেকে নির্ধারিত এলাকায় চলে গেছেন।

সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে,

শেষ পৃঃ ৪-এর কঃ দ্রঃ

## জরিপ শুরু

(১-এর পৃঃ পর)

মানিকগঞ্জ, সাতক্ষীরা, চাঁদপুর ও চাঁপাইনবাবগঞ্জ জেলার সব উপজেলার নির্বাহীদের তত্ত্বাবধানে যৌথ স্বাক্ষরে ইউপি চেয়ারম্যানগণ এসব প্রেরিত প্রশ্নমালার তথ্যাদি পূরণ করবেন। প্রশ্নমালার মধ্যে রয়েছে ইউনিয়নের লোকসংখ্যা, তিন থেকে সাত বছর বয়স্ক শিশুর সংখ্যা, সাধারণ চিঠিপত্র লিখতে ও পড়তে জানে এমন শিক্ষিত লোকের সংখ্যা। এছাড়া সব ধরনের শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা যেমন স্কুল, কলেজ, মাদ্রাসা, মক্তব ও বৃত্তিমূলক প্রতিষ্ঠান।

এসব প্রতিষ্ঠানের ঘরের অবস্থা প্রতিষ্ঠার বছর, স্বীকৃতির বছর, ছাত্র, ছাত্রী ও শিক্ষকের সংখ্যা, ১৯৮৫ সালের বোর্ড ও বিশ্ববিদ্যালয়ের পরীক্ষার ফল, বিভিন্ন খাতে সরকারী অনুদানের পরিমাণ (সরকারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে নয়) ইত্যাদি 'শিক্ষা শুমারী' প্রশ্নমালার মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে।

এই সূত্রটি আরো জানায়, স্থানীয় শিক্ষা প্রশাসন, পাঠ্যপুস্তক বিতরণ, প্রশিক্ষণপ্রাপ্ত ইমামদের ভূমিকা, কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা, প্রাথমিক স্কুল কলেজ গবর্নিং বডির ও মাদ্রাসা ম্যানেজিং কমিটির শিক্ষাগত যোগ্যতা ও তাদের দায়িত্ব সম্পর্কে প্রশ্নমালা এরমধ্যে রয়েছে। প্রাতিষ্ঠানিক শিক্ষা ব্যবস্থা ছাড়াও গ্রামে অপ্রাতিষ্ঠানিক শিক্ষা ব্যবস্থা যেমন গণশিক্ষা কেন্দ্র, সেলাই প্রশিক্ষণ কেন্দ্র, নৈশ বিদ্যালয় সম্পর্কীয় তথ্য সংগ্রহ করা হবে।

জানা গেছে, উল্লিখিত চারটি জেলার জরিপ রিপোর্টের ভিত্তিতে শিক্ষা মন্ত্রণালয় দেশে শিক্ষা প্রশাসনে এক নীতি নির্ধারণী গুরুত্বপূর্ণ পদক্ষেপ গ্রহণ করবে।